ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং- ইআবি/একা-৩৮/কা.প্রা.রেজি/২০১৭/ ০০১১১৪ তারিখ: ০৩ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ / ১৬ মে, ২০২৬ খ্রিস্টাব্দ

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি শ্রেণিতে ১ম পর্বে প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত ও অধিভুক্ত কামিল মাদরাসাসমূহের অধ্যক্ষসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি শ্রেণিতে প্রাইভেট রেজিস্ট্রেশনে আগ্রহী ছাত্র-ছাত্রী নিম্নোক্ত যোগ্যতা ও শর্তাবলী পূরণ সাপেক্ষে রেজিস্ট্রেশন করতে পারবে।

১। **রেজিস্ট্রেশনের যোগ্যতা:**

(ক) ফাজিল স্নাতক (পাস) নিয়মিত চূড়ান্ত পরীক্ষা-২০২২ পর্যন্ত উত্তীর্ণ ছাত্র-ছাত্রী।

(খ) ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া এর অধীনে ফাজিল ৩০০ নম্বরের বিশেষ পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রী।

(গ) ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া এর অধীনে ফাজিল (স্নাতক) পাস নিয়মিত পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রী।

(ঘ) ফাজিল স্নাতক (পাস) প্রাইভেট পরীক্ষায় উত্তীর্ণ সকল ছাত্র-ছাত্রী।

(ঙ) কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি চূড়ান্ত পরীক্ষা-২০২১ পর্যন্ত **নিয়মিত** পরীক্ষার্থী হিসেবে উত্তীর্ণ সকল ছাত্র-ছাত্রীর অন্য যেকোনো বিষয়ে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশন করতে পারবে।

(চ) কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি চূড়ান্ত পরীক্ষা-২০২৩ পর্যন্ত **প্রাইভেট** পরীক্ষার্থী হিসেবে উত্তীর্ণ ছাত্র-ছাত্রী অন্য যেকোনো বিষয়ে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশন করতে পারবে।

(ছ) ফাজিল স্নাতক (অনার্স) ও কামিল (স্নাতকোত্তর) মাস্টার্স ১ বছর মেয়াদি ডিগ্রি অর্জনকারী একজন শিক্ষার্থী অনিয়মিত শিক্ষার্থী হিসাবে কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি ডিগ্রি অর্জন করতে পারবে।

২। **রেজিস্ট্রেশনের সময়সূচী:**

(ক) সংশ্লিষ্ট মাদরাসায় ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশনের তারিখ: ১৭.০৫.২০২৬ খ্রি. হতে ১২.০৭.২০২৬ খ্রি.।

(গ) ছাত্র-ছাত্রীদের হতে আদায়কৃত রেজিস্ট্রেশন ফি' ১৩.০৭.২০২৬ খ্রি. হতে ১৫.০৭.২০২৬ খ্রি. এর মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে পেমেন্ট স্লিপ ডাউনলোডপূর্বক পেমেন্ট স্লিপে উল্লেখিত তারিখের মধ্যে অগ্রণী ব্যাংকের যেকোনো শাখায় জমা প্রদান করতে হবে **(এজেন্ট ব্যাংকিং এ জমা না দেওয়ার অনুরোধ করা হলো)**।

(খ) সংশ্লিষ্ট মাদরাসা কর্তৃক অনলাইন রেজিস্ট্রেশনের তারিখ: ১৬.০৭.২০২৬ খ্রি. হতে ২৩.০৭.২০২৬ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট মাদরাসা রেজিস্ট্রেশনকৃত সকল ছাত্র-ছাত্রীর অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

৩। (ক) কামিল স্নাতকোত্তর শ্রেণির ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন ফি' সহ অন্যান্য ফি'-এর হার (শিক্ষার্থী প্রতি):

| আবেদন ফি' | রেজিস্ট্রেশন ফি' | ক্রীড়া ও সংস্কৃতি ফি' | বিশ্ব আরবি ভাষা দিবস উদযাপন ফি |
|---|---|---|---|
| ৪০০/- | ১০০০/- | ৫০/- | ৫০/- |

(খ) মাদরাসা কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের নিকট থেকে আদায়কৃত ফি' হতে আবেদন ফি' বাবদ ২৫০ (দুইশত পঞ্চাশ) টাকা, ক্রীড়া ও সংস্কৃতি ফি' এবং বিশ্ব আরবি ভাষা দিবস উদযাপন বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থ এবং রেজিস্ট্রেশন ফি' বাবদ ১০০০ (এক হাজার) টাকা সহ সর্বমোট ১৩০০ (তেরশত) টাকা নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করে **"অগ্রণী ব্যাংক লিঃ" এর যে কোন শাখায় জমা প্রদান করবে (এজেন্ট ব্যাংকিং এ জমা না দেওয়ার অনুরোধ করা হলো)**।

(গ) ফি-জমা দেয়ার নিয়মাবলীঃ

| | | |
|---|---|---|
| প্রথম ধাপ | : | **iau.edu.bd/Payment** তে প্রবেশ করুন। |
| দ্বিতীয় ধাপ | : | **EIIN** ও **Password** দিয়ে **Login** করুন। |
| তৃতীয় ধাপ | : | **Admission & Registration Fee** তে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য পূরণপূর্বক **Save** এ ক্লিক করুন। |
| চতুর্থ ধাপ | : | **Payslip Download** করে ব্যাংকে টাকা জমা দিন। |

৪। সাধারণ শর্তাবলীঃ

(ক) কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশনের আবেদনের সাথে দাখিল, আলিম ও ফাজিল পরীক্ষা পাসের মূল সনদ/একাডেমিক ট্রান্সক্রিপ্ট সংশ্লিষ্ট মাদরাসাকে সংরক্ষণ করতে হবে।

(খ) মাদরাসায় কামিল স্নাতকোত্তর পর্যায়ে যে বিভাগ চালু আছে ছাত্র-ছাত্রীরা সেই সকল বিভাগে রেজিস্ট্রেশন করতে পারবে।

(গ) কামিল স্নাতকোত্তর প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশনের মেয়াদ ৪ (চার) বছর পর্যন্ত বহাল থাকবে।

(ঘ) কামিল স্নাতকোত্তর প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত ছাত্র-ছাত্রীদের নিয়মিত পরীক্ষার্থীদের সাথে একই সিলেবাস ও বিধি মোতাবেক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(ঙ) চাকুরীরতদের ক্ষেত্রে শর্ত ঠিক থাকলে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

(চ) ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে উল্লিখিত সময়ের পর আবেদন করা যাবে না।

৫। রেজিস্ট্রেশন সংক্রান্ত যে কোন শর্ত বাতিল বা পরিবর্তনের ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

১৩/০৫/২০২৬

(ফাহাদ আহমদ মোমতাজী)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা

স্মারক নং- ইআবি/একা-৩৮/কা.প্রা.রেজি/২০১৭/০০১১১৪ (৫) তারিখঃ ৩০ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ / ১৩ মে, ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, ইআবি, ঢাকা (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি।
৩. প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৪. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন), ইআবি, ঢাকা।
৫. প্রোগ্রামার, আই.সি.টি শাখা, (ওয়েবসাইটে প্রকাশের জন্য) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. অফিস কপি।

যোগাযোগের জন্য
০১৭১৯-৫০৭১২৩ (একাডেমিক শাখা)
০১৭০৯-৩৮৯০০৭ (আই.সি.টি শাখা)
০১৭১৮-৯৫৫৫৯৬ (অর্থ ও হিসাব দপ্তর)

১৩/৫/২০২৬

(মো: ফকরুল ইসলাম)
সহকারী রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা